

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৫২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

### আরবী

وَعَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «صَلَاةُ الرَّجُلِ فِي بَيْتِهِ بِصَلَاةٍ وَصَلَاتُهُ فِي مَسْجِدِ الْقَبَائِلِ بِخَمْسٍ وَعِشْرِينَ صَلَاةً وَصَلَاتُهُ فِي الْمَسْجِدِ الَّذِي يَجمع فِيهِ بخسمائة صَلَاةٍ وَصَلَاتُهُ فِي الْمَسْجِدِ الْأَقْصَى بِخَمْسِينَ أَلْفِ صَلَاةٍ وَصَلَاتُهُ فِي الْمَسْجِدِ الْأَقْصَى بِخَمْسِينَ أَلْفِ صَلَاةٍ وَصَلَاتُهُ فِي الْمَسْجِدِ الْأَقْصَى بِخَمْسِينَ أَلْفِ صَلَاةٍ وَصَلَاتُه فِي الْمَسْجِدِ الْحَرَام بِمِائَة أَلْف صَلَاة» . وَصَلَاته فِي الْمَسْجِدِ الْحَرَام بِمِائَة أَلْف صَلَاة» . رَوَاهُ ابْن مَاجَه

#### বাংলা

৭৫২-[৬৪] আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কেউ যদি তার ঘরে সালাত আদায় করে, তাহলে তার এ সালাত এক সালাতের সমান। আর যদি সে এলাকার পাঞ্জেগানা মসজিদে সালাত আদায় করে তাহলে তার এই সালাত পঁচিশ সালাতের সমান। আর সে যদি জুমু'আহ্ মসজিদে সালাত আদায় করে তাহলে তার সালাত পাঁচশত সালাতের সমান। সে যদি মসজিদে আকসা (আকসা) অর্থাৎ- বায়তুল মাক্লদিসে সালাত আদায় করে, তার এ সালাত পঞ্চাশ হাজার সালাতের সমান। আর যদি আমার মসজিদে (মসজিদে নাবাবী) সালাত আদায় করে তার এ সালাত পঞ্চাশ হাজার সালাতের সমান। আর সে যদি মাসজিদুল হারামে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে তবে তার সালাত এক লাখ সালাতের সমান। (ইবনু মাজাহ্)[1]

## ফুটনোট

[1] খুবই য'ঈফ: ইবনু মাজাহ্ ১৪১৩, য'ঈফ আল জামি' ৭৫৬। কারণ এর সানাদে বাযীক্ব আবৃ 'আবদুল্লাহ (রাঃ) আল্ আলহানী নামে একজন মুখতালিফ ফি রাবী রয়েছে। তার শিক্ষক 'আবদুল খাত্ত্বাব আদ্ দিমাশকী সেও একজন মাজহুল বা অপরিচিত রাবী। ইমাম যাহাবী একে মুনকার বলেছেন।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: এখানে সালাতের ছ'টি স্থানগত স্তর এবং তার মর্যাদা বর্ণনা করা হয়েছে। এর শুরু ঘরে সালাত (সালাত/নামায/নামাজ) দিয়ে এবং শেষ মাসজিদুল হারামে আদায়কৃত সালাতের মর্যাদা দিয়ে। এখানে ঘরের সালাতে এক সালাতের মসজিদের সালাতে পঁচিশ সালাত, জুমু'আহ্ মসজিদে পাঁচশত গুণ, বায়তুল মুকাদ্দাসের সালাতে পঞ্চাশ হাজার গুণ, মসজিদে নাবাবীতে মসজিদে আক্রসার চেয়ে পঞ্চাশ হাজার গুণ এবং মসজিদে নাবাবীর তুলনায় কা'বায় মসজিদে এক লক্ষ গুণ বেশি সাওয়াবের কথা বলা হয়েছে। এ হাদীসের উদ্দেশ্য হলো, মুসলিম যাতে তার সালাতের মাধ্যমে পর্যায়ক্রমে উচ্চতর সাওয়াব অর্জনের চেষ্টায় রত থাকে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন